তথ্য কমিশন

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা, ফ্যাক্সঃ ৯১১০৬৩৮, www.infocom.gov.bd

তারিখ: ২১ জুলাই ২০২১

শোকবার্তা

তথ্য কমিশনের সাবেক তথ্য কমিশনার, বীর মুক্তিযোদ্ধা ও বি.সি.এস.(প্রশাসন) ক্যাডারের ১৯৭৩ ব্যাচের কর্মকর্তা জনাব মোহাম্মদ আবু তাহের-এর মৃত্যুতে তথ্য কমিশন গভীরভাবে মর্মাহত ও শোকাভিভূত।

জনাব মোহাম্মদ আবু তাহের মস্তিষ্কে রক্তক্ষরণজনিত কারণে ২১ জুলাই ২০২১ খ্রিস্টাব্দ তারিখ দুপুর ২.১৫ ঘটিকায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ) হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

জনাব মোহাম্মদ আবু তাহের একজন কর্তব্যপরায়ণ, সৎ, দক্ষ, দৃঢ়চেতা ও আকর্ষণীয় গুণাবলী সম্পন্ন ব্যক্তিত্ব হিসেবে সকলের নিকট সমাদৃত ছিলেন। তাঁর এ মৃত্যুতে দেশ ও জাতি একজন মহান ব্যক্তিকে হারাল। মাঠ পর্যায়ে তথ্য অধিকার সম্পর্কে ব্যাপক জনসচেতনতা বৃদ্ধিতে, তথ্য সরবরাহকারীদের দক্ষতা উন্নয়নে তথা তথ্য অধিকার আইনের কার্যকর বাস্তবায়নে তাঁর নিরলস ভূমিকা অত্যন্ত প্রশংসনীয়। দেশ ও জাতির জন্য তাঁর অবদান আমরা গভীর কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি।

আমরা তাঁর শোক-সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা ও সহমর্মিতা জ্ঞাপন করছি এবং পরম করুণাময়ের কাছে তাঁর বিদেহী আত্মার চিরশান্তি ও মাগফেরাত কামনা করছি।

মহান আল্লাহ রাব্বুল আলামীন তাঁকে জান্নাতবাসী করুন।

তথ্য কমিশনের পক্ষে



মরতুজা আহমদ
প্রধান তথ্য কমিশনার
তথ্য কমিশন